বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
গাজীপুর-১৭০৫।

৪ বছর মেয়াদি বিএ (অনার্স) এবং বিএসএস (অনার্স) প্রোগ্রাম
ভর্তি বিজ্ঞপ্তি
শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল (অনুষদ)-এর অধীন ৪ বছর মেয়াদি বিএ (অনার্স): **বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ** এবং বিএসএস (অনার্স): **রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব** বিষয়সমূহে ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের ক্লাস অনুষ্ঠিত হবে। প্রতি কোর্সে ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে। উল্লেখযোগ্য, শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবে।

বৈশিষ্ট্যসমূহ

- ♦ চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স= ৩ ক্রেডিট) রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।
- ♦ প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সেমিস্টারে বিভক্ত। প্রতি সেমিস্টারে সাধারণত ৫টি কোর্স রেজিস্ট্রেশন হয়। শিক্ষার্থী প্রয়োজনে প্রতি সেমিস্টারে ন্যূনতম ২টি কোর্স রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সেমিস্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা

ক) মানবিক শাখা : বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন ও ইসলামিক স্টাডিজ বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৫০ (৫ এর মানে)/জিপিএ ২.০০ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

খ) সামাজিক বিজ্ঞান শাখা : রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৭৫ (৫ এর মানে)/জিপিএ ২.২ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

ভর্তি সংক্রান্ত তথ্য:

শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে।

আবেদনের সময়	: ০৯ সেপ্টেম্বর, ২০১৯ থেকে ০৭ নভেম্বর, ২০১৯ পর্যন্ত।
লিখিত পরীক্ষার জন্য মনোনীতদের তালিকা প্রকাশ ও প্রবেশপত্র ইস্যুর তারিখ	: ১০ ডিসেম্বর, ২০১৯।
লিখিত পরীক্ষার স্থান	: ১০ ডিসেম্বর, ২০১৯ এর পর বাউবি'র ওয়েবসাইট ও ঢাকা আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে।
লিখিত পরীক্ষার তারিখ ও সময়	: ১৩ ডিসেম্বর ২০১৯ শুক্রবার; সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত।
লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ	: ১৮ ডিসেম্বর, ২০১৯ বুধবার।
সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান	: ০৫ জানুয়ারি, ২০২০ থেকে ০৭ জানুয়ারি, ২০২০ তারিখ পর্যন্ত; সকাল ৯.০০ টা থেকে শুরু হবে; ডিন, এসএসএইচএল, বাউবি'র মূল ক্যাম্পাস, গাজীপুর-১৭০৫।
বিষয় ভিত্তিক মেধা তালিকা প্রকাশ	: ১৩ জানুয়ারি, ২০২০।
ভর্তি	: ১৫ জানুয়ারি, ২০২০ থেকে ৩০ জানুয়ারি, ২০২০ পর্যন্ত।
বিলম্ব ফিসহ ভর্তি	: ৩১ জানুয়ারি, ২০২০ থেকে ১৬ ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত।

ভর্তি পরীক্ষা পদ্ধতি

- ❖ বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- ❖ পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।
- ❖ **প্রতি বিষয়ের আসন সংখ্যা ৬০।**

আবেদন প্রক্রিয়া: Online (http://osaps.bou.edu.bd)- এ প্রদত্ত তথ্য পূরণ করা শেষে SMS এর মাধ্যমে temporary user ID ও password পাওয়া যাবে। এরপর Payment Option- এ ৫০০/- (পাঁচশত) টাকা ও চার্জ/কমিশন বিকাশ/DBBL/শিওরক্যাশ-এর মাধ্যমে প্রদান করতে হবে। ট্রানজেকশন আইডি ও মোবাইল নম্বর নির্দিষ্ট স্থানে পূরণ করে Submit বাটনে ক্লিক করলে একটি SMS ও e-mail এ "payment successful" Message পাওয়ার মাধ্যমে Online আবেদন সম্পন্ন হবে। Successful SMS পাওয়ার ক্ষেত্রে কোনো রকম সমস্যা হলে, ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে OSAPS (Online service & payment system)-এর Helpline- নম্বরে অবহিত করতে হবে। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ০৯/০৯/২০১৯ থেকে ০৭/১১/২০১৯ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রের (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। Online এ ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য (http://osaps.bou.edu.bd)-এর Helpline- এ উল্লেখিত ফোন নম্বরে অথবা বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রের ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র নির্বাচিতরাই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে।

ভর্তি পদ্ধতি:

- ◈ মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তী নির্দেশ ও নিয়ম অনুযায়ী ভর্তি হবে।
- ◈ কোর্স ফি : প্রতি কোর্স ১০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা।
- ◈ রেজিস্ট্রেশন ফি : প্রতি সেমিস্টার ২০০/- (দুইশত) টাকা।

♦ **(ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।)**

Helpline: Available Time: 9:00 am to 1:00 pm; 01635832845, 01705897988, 01907451614
Available Time: 2:00 pm to 6:00 pm; 01635832846, 01907451612, 01705897917

(অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি, ভর্তি কমিটি
ও ডিন
সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।